

বৈদেশিক কর্মসংস্থান নিরাপদ, নিয়মিত ও দায়িত্বশীল করতে সকলের সচেতনতা অত্যন্ত জরুরি

ঢাকা: ২৯ সেপ্টেম্বর ২০১৯

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি বলেন, বৈদেশিক কর্মসংস্থান নিরাপদ, নিয়মিত ও দায়িত্বশীল করতে সকলের সচেতনতা অত্যন্ত জরুরি। তিনি আরো বলেন, বিদেশে গমনেচ্ছুদের দক্ষতার পাশাপাশি মন্ত্রণালয়ের কর্মকর্তাদের পক্ষ থেকে নানা ধরনের সচেতনতামূলক আরো প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। তিনি আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদা অনুযায়ী দক্ষ কর্মী তৈরিতে সরকারের উদ্যোগ সফল করার আহ্বান জানান।

আজ বিকাল ০৩.০০ টায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব রৌনক জাহান এর বিদায় এবং নব নিয়োগপ্রাপ্ত সচিব মোঃ সেলিম রেজার বরণ সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

এতে আরো বক্তব্য রাখে সদ্য বিদায়ী সচিব রৌনক জাহান, নব নিয়োগপ্রাপ্ত সচিব মোঃ সেলিম রেজা, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি, বোয়েসেলের ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তী, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আহমেদ মুনিরুছ সালাহীন এবং অতিরিক্ত সচিব নাজীবুল ইসলাম প্রমূখ।

